



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচী
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029


স্মারকনং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৭৪.১৫.১৬০

তারিখ-১০/৯/২০১৮ খ্রি:

বিষয়: খুলনাস্থ ডিসপ্লে কাম সেলস সেন্টার এর ভাড়া বৃদ্ধি/পূর্ণ:নির্ধারণ প্রসংগে।

সূত্র: উপরিচালক,বিআরডিবি,খুলনা'র স্মারকনং-৪৭.৬২.৪৭০০.৮৫৪.০০.১২২.১৪.১০২৬,তারিখ-০৩/৯/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পটি বর্তমানে কর্মসূচী আকারে চলমান রয়েছে। প্রকল্পের আওতায় স্থাপিত খুলনাস্থ ডিসপ্লে কাম সেলস সেন্টারটি ভাড়া ভবনে ০১/৪/২০১৫ খ্রিঃ হতে ৮,০০,০০০.০০ টাকা জামানতে এবং মাসিক ১৪,০০০.০০ টাকা হারে ভাড়ায় পরিচালিত হচ্ছে। ভবন মালিকের সাথে নির্ধারিত চুক্তির মেয়াদ গত ৩০/৬/২০১৮ খ্রিঃ উত্তীর্ণ হয়েছে বিধায় ভবন মালিক উল্লেখিত জামানত অপরিবর্তিত রেখে ভবনের মাসিক ভাড়া ২০,০০০.০০ টাকা নির্ধারণের জন্য উপপরিচালক,বিআরডিবি,খুলনা বরাবরে আবেদন করেছেন যার যুক্তিকতা বিশ্লেষণ করা হয়নি। প্রকল্প চলাকালীন সময়ে ডিপিপি/আরডিপিপি'র বরাদ্দের আলোকে ভাড়া পরিশোধ করা হতো কিন্তু বর্তমানে সরকার হতে কোন বরাদ্দের সুযোগ না থাকায় ডিসপ্লে কাম সেলস সেন্টারটি নিজস্ব আয়ে পরিচালনা করা হচ্ছে। উল্লেখ্য, ডিসপ্লে কাম সেলস সেন্টার, খুলনা হতে পর্যাপ্ত আয় না হওয়ায় সদর দপ্তর হতে ভর্তুকি প্রদান করে ডিসপ্লে কাম সেলস সেন্টারটি পরিচালিত হচ্ছে। মাত্র ০৩(তিন) বছরান্তে ভবনের মাসিক ভাড়া ১৪,০০০.০০ টাকার স্থলে ২০,০০০.০০ টাকা নির্ধারণের প্রস্তাবটি বর্তমান প্রেক্ষাপটে যৌক্তিক মনে হয় না। তাই ভবন মালিকের সাথে ভাড়ার বিষয়ে নেগোশিয়েশনের মাধ্যমে পূর্ণ:নির্ধারণসহ প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং : ০২-৮১৮০১৪৪


উপপরিচালক
বিআরডিবি, খুলনা জেলা।

স্মারকনং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৭৪.১৫.১৬০

তারিখ-১০/৯/২০১৮ খ্রি:

অনুলিপি:

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। উপ-প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ৩। প্রোগ্রামার,ইরেসপো,বিআরডিবি,ঢাকা(প্রকল্পের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৪। সেলস ম্যানেজার, ডিসপ্লে কাম সেলস সেন্টার, খুলনা।
- ৫। অফিস কপি।


মোহাম্মদ আশরাফ হক আকন্দ
সহকারী পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং : ০২-৮১৮৯০৩১